

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
ওয়েব সাইট : www. techedu.gov.bd
ই-মেইল : techedu09@gmail.com

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.২৭.৩৯০.১৭.২৭২


তারিখ : ২৬/০১/২০১৭ খ্রি:

বিষয় : মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের চীফ ইন্সট্রাক্টর (রেডিও এন্ড টিভি)মিসেস আলোয়া বেগম এর বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের চীফ ইন্সট্রাক্টর (রেডিও এন্ড টিভি) মিসেস আলোয়া বেগম এর বিরুদ্ধে নিম্নলিখিত অনিয়ম ও দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে।

- ক) তিনি ২০০৩ খ্রি: থেকে কর্মরত আছেন। ২০০৫ খ্রি: হতে প্রতিষ্ঠানের আবাসিক ভবনে অবৈধভাবে বাস করতেন। তিনি একটিতে থাকেন অন্য দুটিতে মটররুম সহ (বাসা) মালামাল দিয়ে দখল করে রেখেছেন। তিনি ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বে থাকাকালীন এসডিপির টাকা দিয়ে অবৈধভাবে তার রুম ঠিক করেছেন। মাল্টিমিডিয়া ক্লাব রুম না করে ইলেকট্রিক্যাল ল্যাব/ইলেকট্রনিক্স ল্যাব একাধিকবার ভেঙ্গে সরকারী টাকা নষ্ট করেন।
- খ) তিনি এ প্রতিষ্ঠানে ১৩ বছর ধরে কর্মরত থাকায় অনেককে বদলীর ভয়ভীতি দেখান। এ সকল কাজে তাকে সাহায্য করেন সিকিউরিটি অফিসার জুনিয়ার ইন্সট্রাক্টর (কম্পিউটার) জনাব সিরাজুল ইসলাম।
- গ) আবাসিক ভবন ও ইলেকট্রিক্যাল ল্যাব/ইলেকট্রনিক্স ল্যাব মেরামত করার পর বিপুল পরিমাণ লোহার দরজা ও জানালা, কাঠের দরজা ও জানালা অবৈধভাবে বিক্রি করে টাকা আত্মসাৎ করেছেন।
- ঘ) প্রতিষ্ঠানের গাছের নারিকেল বিক্রয়ের ১০ বছরের বেশী সময়ের টাকা সিকিউরিটি অফিসার চালানো জমা না দিয়ে আত্মসাৎ করেছেন। এছাড়াও ৪ তলা একাডেমিক ভবনের একটি পানির মটরেরও হদিস নাই।

এমতাবস্থায়, বর্ণিত অভিযোগের বিষয়ে আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।


২৬.১.২০১৭
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম-সচিব
পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২৬/০১/১৭

মিসেস আলোয়া বেগম
চীফ ইন্সট্রাক্টর (রেডিও এন্ড টিভি)
মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ
মাদারীপুর

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অধ্যক্ষ, মাদারীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাদারীপুর।(তাকে বর্ণিত বিষয়সমূহ, উক্ত কর্মকর্তার নামে বাসা সরকারীভাবে বরাদ্দ আছে কিনা, থাকলে বাসাভাড়া যথাযথভাবে কর্তন করা হয় কিনা তার প্রমানক অথবা বরাদ্দ না করা হয়ে থাকলে তিনি কিভাবে উক্ত বাসায় বসবাস করেন তার পুনাস্ত মতামত/প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।